ইসলাম জিজ্ঞাসা ও জবাব এটি প্রতিষ্ঠা ও পরিচালনা করেছেন: শাইখ মহাম্মান সালিহ আল-মনাজ্জিদ

245116 - পয়েন্ট ও লেবেলসহ গেইম এর একাউন্ট বিক্রি করার হুকুম

প্রশ

গেইম খেলে উচ্চতর লেবেলে পোঁছার পর আমার একাউন্টি বিক্রি করে দেয়ার শরিয় হুকুম কি? আমি একটি গেইম খেলি সেটার নাম হচ্ছে– boom beach। গেইমটির ধরণ হচ্ছে– একটি সামরিক গ্রাম নির্মাণ করা। এটি নির্মাণ, উন্নয়ন ও এর সৈন্য বাড়াতে হলে- পরিকল্পিত নকশা লাগবে। একেকটি লেবেল পার হতে হলে পরিকল্পিত নকশা অনুযায়ী অন্যান্য গ্রামের উপর হামলা করতে হয়; নচেৎ হেরে যেতে হয়। অনুরূপভাবে আমার গ্রামকে উন্নত করতে হলেও। এতে বুদ্ধি ও যুদ্ধের দক্ষতা বৃদ্ধি পায়। একব্যক্তি আমার একাউন্টি কিনে নেয়ার প্রস্তাব দিয়েছেন। কেননা এ গেইমটি উচ্চতর ও অগ্রসর ধাপ সম্পন্ধ। এ বেচাবিক্রির মাধ্যমে অর্জিত সম্পদের বিধান কি?

প্রিয় উত্তর

যদি এ খেলাতে শরিয়তের লজ্যন ঘটে এমন কোন কিছু না থাকে; যেমন- কুফরি আকিদা, মিউজিক ও নগ্ন ছবি (এগুলো না থাকার সম্ভাবনা দূরবর্তী) তাহলে এ গেইম খেলতে ও এ গেইমের একাউন্ট বিক্রি করতে কোন আপত্তি নেই। কেননা মূলনীতি হচ্ছে- নির্দিষ্ট উপকার রয়েছে এমন মুবাহ বা বৈধ জিনিস বিক্রি করা জায়েয। যদিও শিশুরা ছাড়া অন্যদের জন্য উত্তম হচ্ছে- এ ধরণের গেইম খেলায় মগ্ন না হওয়া। কারণ এতে সময় নষ্ট হয়; অথচ আমাদের প্রতি সময়কে কাজে লাগানোর নির্দেশ রয়েছে এবং এটি বিক্রি করলে সেক্ষেত্রে অন্যদের সময়ও নষ্ট হবে।

আরও জানতে দেখুন: 2898 নং প্রশ্নোত্তর।

আল্লাহ্ই সর্বজ্ঞ।